



ঢাকা দক্ষিণে মেয়র পদে নির্বাচন করবেন নীলা ইস্রাফিল



নীলা ইস্রাফিল। ছবি: সংগৃহীত

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আসন্ন মেয়র নির্বাচনে অংশ নেওয়ার ইচ্ছা প্রকাশ করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সাবেক নেত্রী নীলা ইস্রাফিল। মঙ্গলবার (৬ মে) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক বার্তায় তিনি এ সিদ্ধান্তের কথা জানান। নিজের পোস্টে নীলা উল্লেখ করেন, আশপাশের মানুষের উৎসাহ ও সমর্থনই তাকে এই পথে এগোতে অনুপ্রাণিত করেছে। তার মতে, একটি পরিচ্ছন্ন, নিরাপদ ও বসবাসযোগ্য শহর গড়ে তোলা নাগরিকদের ন্যায্য দাবি, আর সেই লক্ষ্য বাস্তবায়নে তিনি কাজ করতে চান। এ জন্য সবার সহযোগিতা ও দোয়া কামনা করেন তিনি। পরবর্তী কয়েকটি পোস্টে তিনি ভোটারদের উদ্দেশে নিজের অবস্থান স্পষ্ট করেন। একটিতে তিনি ভোটারের পছন্দ নিয়ে প্রশ্ন তোলেন, আরেকটিতে প্রতিশ্রুতি দেন—নির্বাচিত হলে দক্ষিণ ঢাকাকে শৃঙ্খলাবদ্ধ, স্বচ্ছ ও আধুনিক নগরীতে রূপ দেওয়ার চেষ্টা করবেন। পাশাপাশি মুক্তিযুদ্ধের চেতনা বজায় রাখার কথাও জোর দিয়ে বলেন। ব্যক্তিগত পরিচয়ে নীলা ইস্রাফিল প্রয়াত উপদেষ্টা হাসান আরিফের ছেলে মুয়াজ আরিফের সাবেক স্ত্রী। সাম্প্রতিক রাজনৈতিক ঘটনাপ্রবাহে, বিশেষ করে জুলাইয়ের আন্দোলনে তাকে সরব উপস্থিতি রাখতে দেখা গেছে। পরে ছাত্রনেতৃত্বে গঠিত এনসিপিতে যুক্ত হয়ে বিভিন্ন কর্মসূচিতে সক্রিয় ভূমিকা রাখছেন তিনি।